



গণপ্রজাতন্ত্রীবাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
মুরারিচাঁদ কলেজ, সিলেট
website : www.mccollege.edu.bd
email : m.c.college_sylhet@live.com



তারিখ: ১৯.১০.২০২২ খ্রি:

২০২০-২০২১ শিক্ষাবর্ষে মাস্টার্স শেষ পর্ব (নিয়মিত) ভর্তি বিজ্ঞপ্তি (সংশোধিত)

মুরারিচাঁদ কলেজ সিলেট-এ ২০২০-২০২১ শিক্ষাবর্ষে মাস্টার্স শেষ পর্ব (নিয়মিত) বাংলা, ইংরেজি, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, দর্শন, ইসলামী শিক্ষা, রাষ্ট্রবিজ্ঞান, সমাজবিজ্ঞান, অর্থনীতি, পদার্থবিজ্ঞান, রসায়ন, উদ্ভিদবিজ্ঞান, প্রাণিবিজ্ঞান, মনোবিজ্ঞান, পরিসংখ্যান ও গণিত বিষয়ে অনলাইনে ২০.১০.২০২২ তারিখ হতে কোটা মেধা তালিকায় ভর্তির কার্যক্রম শুরু হবে। নিম্নোক্ত সময় অনুযায়ী কলেজে ভর্তি কার্যক্রম সম্পন্ন করার জন্য শিক্ষার্থীদের নির্দেশ দেয়া গেল।

১। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশিত কোটা মেধা তালিকায় বিষয় ভিত্তিক নির্বাচিত আবেদনকারীরা মাস্টার্স শেষ পর্বে (নিয়মিত) ভর্তি হতে পারবে।

২। আবেদনের নিয়ম:

মাস্টার্স শেষ পর্ব (নিয়মিত) কোর্সে ভর্তি হতে ইচ্ছুক প্রার্থীদের নিম্নবর্ণিত website-এ প্রবেশ করে আবেদন ফরম পূরণ করতে হবে;
www.nu.edu.bd/admissions

৩। শিক্ষার্থী কর্তৃক কার্যসম্পাদনের ধাপসমূহ :

ধাপ-১: Online- এ আবেদন ফরম সঠিকভাবে পূরণপূর্বক submit করে A4 সাইজের অফসেট কাগজে এর প্রিন্ট আউট নিতে হবে।

ধাপ-২: উক্ত প্রিন্ট আউট নিয়ে “রকেট” এর মাধ্যমে টাকা পরিশোধ করতে হবে এবং সংশ্লিষ্ট আবেদন ফরম সঠিকভাবে পূরণ করে প্রয়োজনীয় কাগজপত্রসহ প্রিন্ট আউট ও আবেদন ফরম নিজ নিজ বিভাগে ২৪.১০.২০২২ তারিখের মধ্যে জমা দিয়ে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে।

৪। প্রয়োজনীয় কাগজপত্র (অনলাইন প্রিন্ট কপির সাথে ০১ সেট সংযুক্ত করতে হবে):

ক) স্নাতক সম্মান/ মাস্টার্স ১ম পর্ব বা সমমান পাশের মূল নম্বরপত্র, সনদপত্র ও রেজি: কার্ডের ফটোকপি (০১ সেট);

খ) অনলাইন আবেদনের প্রিন্ট কপির নির্দিষ্ট স্থানে সদ্য তোলা পাসপোর্ট আকারের ছবি সংযুক্ত করতে হবে।

৫। ভর্তি ফি নিম্নরূপ:

বিভাগ	শিক্ষার্থীর ধর্ম	ভর্তি ফি	সেমিনার ফি	আইসিটি ফি	মোট	
					আইসিটি ব্যতিত	আইসিটিসহ
এম.এ/ এম.এস.এস	মুসলিম শিক্ষার্থী	৩৫৭০/-	৪০০/-	২৪০০/-	৩৯৭০/-	৬৩৭০/-
	অন্যান্য ধর্মালম্বী শিক্ষার্থী	৩৫৭৫/-	৪০০/-	২৪০০/-	৩৯৭৫/-	৬৩৭৫/-
এম.এস-সি	মুসলিম শিক্ষার্থী	৩৬৭০/-	৫৫০/-	২৪০০/-	৪২২০/-	৬৬২০/-
	অন্যান্য ধর্মালম্বী শিক্ষার্থী	৩৬৭৫/-	৫৫০/-	২৪০০/-	৪২২৫/-	৬৬২৫/-


বি:দ্র: যে সকল শিক্ষার্থী আইসিটি নিতে ইচ্ছুক তাদেরকে আইসিটি ফি বাবদ অতিরিক্ত ২৪০০/- টাকা জমা দিতে হবে। “রকেট” এর মাধ্যমে সকল ফি জমা করে ভর্তি ফরম ও প্রয়োজনীয় কাগজপত্র প্রতিদিন সকাল ১১.৩০ থেকে বিকাল ৩.০০ টার মধ্যে নিজ নিজ বিভাগে জমা দিতে হবে।

ভর্তি ও আইসিটি ফি “রকেট” এর নির্ধারিত Biller ID: 4089 এর মাধ্যমে টাকা পরিশোধ করে “রকেট” এর ট্রানজেকশন আইডি ও মোবাইল নম্বর ফরমের উপরের অংশে স্পষ্ট করে লিখে দিতে হবে।

৬। ভর্তি কার্যক্রম সম্পন্নকরণ এবং ভর্তি ও আইসিটি ফি “রকেট” - এ জমা দেওয়ার সময়সূচি:

ক্রমিক	তারিখ ও সময়	বিষয়
০১	২০.১০.২০২২ থেকে ২৪.১০.২০২২ খ্রি. পর্যন্ত বিভাগে কাগজপত্র সরকারি ছুটির দিন ব্যতীত জমা নেওয়া যাবে।	সকল বিষয়

উল্লেখ্য যে, ২০২০-২০২১ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) ভর্তি কার্যক্রমে মেধা তালিকায় স্থানপ্রাপ্ত কোন শিক্ষার্থী মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) অথবা মাস্টার্স প্রফেশনাল কোর্সে (যে শিক্ষাবর্ষে হোক না কেন) বর্তমানে অধ্যয়নরত অবস্থায় থাকলে তাকে অবশ্যই ২৩ অক্টোবর ২০২২ তারিখের মধ্যে পূর্ববর্তী ভর্তি বাতিল করে এ শিক্ষা কার্যক্রমে ভর্তি হতে হবে। অন্যথায় দৈত ভর্তির কারণে তার রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।


অধ্যক্ষ
মুরারিচাঁদ কলেজ, সিলেট
Principal
Murarichand College, Sylhet.